

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৫

পর্ব-১: ত্বহরাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭৮: উযূর বর্ণনা

باب صِفَةِ الْوُضُوءِ

আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَسَنِ الْمِقْسَمِيُّ، قَالَ: أَنْبَأَنَا حَجَّاجٌ، قَالَ: قَالَ ابْنُ جُرَيْجٍ: حَدَّثَنِي شَيْبَةُ، أَنَّ مُحَمَّدَ بْنَ عَلِيٍّ أَخْبَرَهُ، قَالَ: أَخْبَرَنِي أَبِي عَلِيٌّ، أَنَّ الْحُسَيْنَ بْنَ عَلِيٍّ، قَالَ: دَعَانِي أَبِي عَلِيٌّ بِوُضُوءٍ، فَقَرَّبْتُهُ لَهُ فَبَدَأَ فَغَسَلَ كَفَّيْهِ ثَلَاثَ مَرَّاتٍ قَبْلَ أَنْ يَدْخُلَهُمَا فِي وَضُوءِهِ، ثُمَّ مَضَمَضَ ثَلَاثًا وَاسْتَنْثَرَ ثَلَاثًا، ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثَلَاثَ مَرَّاتٍ، ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُمْنَى إِلَى الْمِرْفَقِ ثَلَاثًا ثُمَّ الْيُسْرَى كَذَلِكَ، ثُمَّ مَسَحَ بِرَأْسِهِ مَسْحَةً وَاحِدَةً، ثُمَّ غَسَلَ رِجْلَهُ الْيُمْنَى إِلَى الْكَعْبَيْنِ ثَلَاثًا ثُمَّ الْيُسْرَى كَذَلِكَ، ثُمَّ قَامَ قَائِمًا، فَقَالَ: نَاوِلْنِي، فَنَاوَلْتُهُ الْإِنَاءَ الَّذِي فِيهِ فَضْلٌ وَضُوءُهُ، فَشَرِبَ مِنْ فَضْلِ وَضُوءِهِ قَائِمًا. فَعَجِبْتُ، فَلَمَّا رَأَيْتُ، قَالَ: لَا تَعْجَبْ، فَإِنِّي رَأَيْتُ أَبَاكَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَصْنَعُ مِثْلَ مَا رَأَيْتَنِي صَنَعْتُ، يَقُولُ: لَوْضُوءُهُ هَذَا وَشَرِبَ فَضْلَ وَضُوءِهِ قَائِمًا.

তখরিজ দারالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ١٠٠٧٥)، وقد أخرجه: سنن أبي داود/الطهارة ٥٠ (عقيب ١١٧) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 95 – صحيح

বাংলা

৯৫. ইব্রাহীম ইবনুল হাসান আল মিকসামী (রহ.) হুসায়ন ইবনু 'আলী (রাঃ) থেকে বর্ণিত আছে। তিনি বলেন, আমার পিতা 'আলী (রাঃ) আমাকে উযূর পানি আনতে বলেন। আমি তার কাছে পানি আনলাম। তিনি উযূ করতে শুরু করেন। (প্রথমে) উযূর পানিতে হাত প্রবেশ করাবার আগে হাতের কজি পর্যন্ত তিনবার ধৌত করেন। এরপর

তিনবার কুলি করেন ও তিনবার নাক ঝাড়েন। তারপর তিনবার মুখমণ্ডল ধৌত করেন এবং ডান হাত তিনবার কনুই পর্যন্ত ধৌত করেন। অনুরূপভাবে বাম হাত ধৌত করেন এবং একবার মাথা মাসাহ করেন। তারপর টাখনু পর্যন্ত ডান পা তিনবার এবং অনুরূপভাবে বাম পা ধৌত করেন। পরে সোজা হয়ে দাঁড়ান এবং বলেন, পানির পাত্রটা দাও। আমি পাত্রটি তাঁকে দিলাম। তিনি উযূর অবশিষ্ট পানিটুকু দাঁড়িয়ে পান করেন। আমি তাঁকে দাঁড়িয়ে পান করতে দেখে অবাক হলাম। তিনি আমার অবস্থা দেখে বললেন, অবাক হয়ো না। তুমি আমাকে যেমন করতে দেখলে আমিও তোমার নানা নবী (সা.) কে এরূপ করতে দেখেছি। আলী (রাঃ) তাঁর এ উযূ এবং অবশিষ্ট পানি দাঁড়িয়ে পান করা সম্পর্কেই বলছিলেন।

English

78. The Description Of Wudu'

Al-Husain bin 'Ali said: My father 'Ali called me to bring (water for) Wudu', so I brought it to him, and he started by washing his hands three times, before putting them into the water. Then he rinsed his mouth three times and sniffed water into his nose and blew it out three times. Then he washed his face three times, then his right hand up to the elbow three times, then his left likewise. Then he wiped his head once then he washed his right foot up to the ankle three times, then the left likewise. Then he stood up and said: 'Pass me the vessel.' So I passed the vessel containing the remaining water for his Wudu' to him, and he drank from it standing up. I was surprised and when he noticed that he said: 'Do not be surprised, for I saw your father the Prophet (ﷺ) doing,' referring to his Wudu' and drinking the leftover water while standing.

ফুটনোট

হাসান: আবু দাউদ ১১৭, নাসায়ী'র “সুনানুল কুবরা” ১০০, মুসনাদে আহমাদ ৯৮৯, সহীহ আবু দাউদ ১০৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ হুসাইন ইবনু 'আলী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86366>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন